গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০০.০০৮.১১.০০০১.২৪- ৪২৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (**http://doict.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | অফিস সহায়ক (গ্রেড-২০) বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ৪৯৭ (চারশত সাতানব্বই) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। | সকল জেলা |

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. **উক্ত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১৮/০৮/২০২৫ তারিখে ১৮-৩২ এর মধ্যে হতে হবে**। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

ঘ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। তবে পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

ছ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

জ. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' এবং 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণ করা হবে;

ঝ. **অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না;**

ঞ. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## ৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://doict.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৮/০৮/২০২৫; সকাল ১০:০০ টা।**
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৭/০৯/২০২৫; বিকাল ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB এর মধ্যে হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সফলভাবে সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ০৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা** আবেদন Submit এর সময় থেকে পরবর্তী **৭২ (বাহাত্তর)** ঘণ্টার মধ্যে জমা দিবেন।

**বিশেষভাবে উল্লেখ্য, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS**: DoICT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DoICT ABCDEF** and Send to 16222.

Reply: **Applicant's Name, Tk. 56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx**. To pay fee **Type DoICT <Space>Yes<Space>PIN and send to 16222**.

**দ্বিতীয় SMS**: DoICT <space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DoICT YES xxxxxxxxxx** and Send to 16222.

Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for DoICT. Application for (Post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).**

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://doict.teletalk.com.bd অথবা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের Website: www.doict.gov.bd অথবা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Website: www.ictd.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, সংশ্লিষ্ট SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **DoICT**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **DoICT HELP USER ABCDEF** and Send to 16222.

ii. PIN Number জানা থাকলে: **DoICT**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **DoICT HELP PIN 12345678** and Send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবপোর্টাল (www.doict.gov.bd); তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবপোর্টাল (www.ictd.gov.bd) এবং (http:// doict.teletalk.com.bd) অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletalk.com.bd/doict) ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.doict.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject Organization Name: **DoICT**, Post Name:***, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন**: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করা হলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। **জাতীয়তা:**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

(খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে:

(ক) সদ্য তোলা রঙিন ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (অভিজ্ঞতার সনদপত্রসহ);

(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গানার সন্তান হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে:

(i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(ii) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

(ঙ) শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

(ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে;

(জ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঝ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(ঞ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

(ট) প্রবেশপত্রের কপি।

৬। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থিতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী www.doict.gov.bd এবং www.ictd.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন প্রবেশপত্র/সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

৮। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৪/০৮/২০২৫

**(এএসএম লোকমান)**
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০৮.১১.০১৫.২৪- ৪২৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

অনুলিপিঃ সদয় অবগতি (জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার (সকল), ..............................................।
৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা (টেলিটকের অল জব ওয়েবসাইটে ১৮/০৮/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১৭/০৯/২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)। ।
৬। জেলা প্রশাসক (সকল), ..........................................।
৭। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।
৮। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি/আদেশ/পরিপত্র বক্সে ১৮/০৮/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১৭/০৯/২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..............................................।
১১। প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ..............................................।
১২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি/আদেশ/পরিপত্র বক্সে ১৮/০৮/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১৭/০৯/২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।
১৩। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ..................................।
১৪। জনাব ........................................................................ ।
১৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪/০৮/২০২৫

**(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)**
উপ-পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।